



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ।



ফোন : ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯; E-mail: dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/ক্রেডিবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/করোনা/২০২১-২০২২/ ৩৪২০(১২৫০)

তারিখঃ ২৭/০১/২০২২

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : সিএমএসএমই খাতে প্রনোদনা প্যাকেজের আওতায় ১ম পর্যায়ে (এপ্রিল/২০২০ হতে জুন/২০২১ পর্যন্ত) বিতরণকৃত ঋণ আদায়/ নিয়মিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১/২০২০ এর মাধ্যমে সিএমএসএমই খাতে প্রনোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণের পূর্ণাঙ্গ নীতিমালা জারী করা হয়। পরবর্তীতে এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯/২০২১ এর মাধ্যমে নীতিমালাটি আংশিক সংশোধনপূর্বক পুনরায় জারী করা হয়। সিএমএসএমই খাতে প্রনোদনা প্যাকেজের আওতায় ১ম পর্যায়ে (এপ্রিল/২০২০ হতে জুন/২০২১ পর্যন্ত) ঋণ প্রদানের ক্ষেত্রে এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১/২০২০ অনুসরণ করা হয়েছে। উক্ত সার্কুলারে যথাযথভাবে ঋণ বিতরণের পাশাপাশি যথাসময়ে ঋণ আদায়ের বিষয়েও সমান গুরুত্ব দেয়া হয়েছে। আলোচ্য প্যাকেজের মেয়াদ ৩(তিন) বছর হলেও কোন একক উদ্যোক্তা প্রতিষ্ঠানের অনুকূলে মঞ্জুরীকৃত ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ১(এক) বছর। এ প্যাকেজের আওতায় কোন ঋণ নবায়ন করা যাবে না। তবে, ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ব্যাংকের নিজস্ব নীতিমালায় নবায়ন করা যাবে।

০৩। মাঠ কার্যালয় হতে সংগৃহীত অত্র ব্যাংকের সিএমএসএমই খাতে প্রনোদনা প্যাকেজের আওতায় ১ম পর্যায়ে ঋণ বিতরণ ও আদায়ের অবস্থা নিম্নরূপ (৩১/১২/২০২১ ভিত্তিক) :

(কোটি টাকায়)

ক্র:নং	বিভাগীয় কার্যালয়	বিতরণ		মোট আদায়		অনাদায়ী স্থিতি		মেয়াদোত্তীর্ণ		মেয়াদোত্তীর্ণ হার
		সংখ্যা	পরিমান	সংখ্যা	পরিমান	সংখ্যা	পরিমান	সংখ্যা	পরিমান	
১	ঢাকা	১৪১৪	৬৮.২৮	৫৭৬	৫৭.৫০	৮৪৯	৩৯.৩০	৮০	৪.২২	৬%
২	ময়মনসিংহ	৯৬২	৩৭.২৬	৪৮৯	২০.৫৫	৪৭৩	১৬.৯০	১০৬	৩.৮৪	১০%
৩	চট্টগ্রাম	১০৯০	৩৯.৬৮	৬৩০	২২.৬৯	৪৬৫	১৬.৭৯	৫৭	২.০৩	৫%
৪	খুলনা	৬৫১	২৫.৮০	৩৩৮	১২.৯৪	৩৩০	১২.৭২	৫৭	৩.৮৭	১৫%
৫	বরিশাল	৪০৮	১০.৮৮	২১০	৫.৬১	১৯৮	৫.২৭	৪৬	১.১৪	১০%
৬	সিলেট	৭৫৩	২৬.২৬	৪১৪	১৫.৮৫	৩৩৯	১০.০৪	৫৬	১.৩৪	৫%
৭	কুমিল্লা	১৩২৫	৫৪.৮১	৬০৯	২৬.৪৭	৭১৬	২৮.৪০	৫১	২.১৪	৪%
৮	কুষ্টিয়া	৬৪৬	৩৫.৮৭	৩৭৪	২২.২৯	২৬৯	১৪.২৫	৩৪	১.৭৩	৫%
৯	ফরিদপুর	৭৮৮	২৬.৫০	৪১৪	১৫.৫১	৩৭৪	১২.১১	৮২	২.৫৮	১০%
১০	এলপিও	২	১২.৫০	১	৮.৫০	১	২.৮০	০	০.০০	০%
মোট		৮০৩৯	৩৩৭.৮৪	৪০৫৫	২০৭.৯১	৪০১৪	১৫৮.৫৮	৫৬৯	২২.৮৯	৭%


- সিএমএসএমই খাতে প্রনোদনা প্যাকেজের আওতায় ১ম পর্যায়ে অত্র ব্যাংকের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ছিল ৩৪২.০০ কোটি টাকা। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, ঋণ বিতরণ পরিস্থিতি সন্তোষজনক হলেও আদায়ের অগ্রগতি সন্তোষজনক নয়। আলোচ্য প্যাকেজের আওতায় বিতরণকৃত ঋণ নির্ধারিত মেয়াদের মধ্যে আদায় বা ব্যাংকের নিজস্ব নীতিমালায় নবায়ন করার নির্দেশনা থাকলেও প্রাপ্ত তথ্য মোতাবেক ৫৬৯টি ঋণের বিপরীতে ২২.৮৯ কোটি টাকা মেয়াদোত্তীর্ণ হয়েছে, যা কোনভাবেই কাম্য হতে পারে না। ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এ বিষয়ে ফ্লোভ প্রকাশ করে মেয়াদোত্তীর্ণ ঋণ হিসাবসমূহ আদায়ের মাধ্যমে দ্রুত বন্ধ বা ব্যাংকের নিজস্ব নীতিমালায় নবায়ন করে নিয়মিত করার নির্দেশনা প্রদান করেছেন।

বিষয় : সিএমএসএমই খাতে প্রনোদনা প্যাকেজের আওতায় ১ম পর্যায়ে (এপ্রিল/২০২০ হতে জুন/২০২১ পর্যন্ত) বিতরণকৃত ঋণ আদায়/ নিয়মিতকরণ প্রসঙ্গে।

০৪। এমতাবস্থায়, সিএমএসএমই খাতে প্রনোদনা প্যাকেজের আওতায় ১ম পর্যায়ে (এপ্রিল/২০২০ হতে জুন/২০২১ পর্যন্ত) বিতরণকৃত ঋণ হিসাবসমূহের মধ্যে মেয়াদোত্তীর্ণ ঋণ হিসাবসমূহ আদায়ের মাধ্যমে দ্রুত বন্ধ বা ব্যাংকের নিজস্ব নীতিমালায় নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো এবং এর অগ্রগতি ১৫/০২/২০২২ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার পরামর্শ দেয়া হলো। আলোচ্য প্যাকেজের আওতায় মেয়াদোত্তীর্ণ ঋণ হিসাবসমূহ নিয়মিতকরণ এবং নতুন করে একটি ঋণও যাতে মেয়াদোত্তীর্ণ না হয় এ বিষয়ে বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রদানগণ প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(মোহাম্মদ মঈনুল হোসেন)
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/করোনা/২০২১-২০২২/৩৪২৭ (৩২০০)

তারিখঃ ২৭/০১/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক